# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৬

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের উপর যা বহন করা কঠিন তা বহন না করে মহান আল্লাহ এক্ষেত্রে যে অবকাশ দিয়েছেন তা গ্রহণ করা কর্তব্য

## ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ عَلَى الْمَرْءِ قَبُولَ رُخْصَةِ اللَّهِ لَهُ فِي طَاعَتِهِ دُونَ التَّحَمُّلِ عَلَى النَّفْسِ مَا يَشُقُّ عَلَيْهَا حَمْلُهُ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ خَلِيلٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ ثَوْبَانَ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: رَأَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا فِي سَفَرٍ فِي ظِلِّ شَجَرَةٍ يَرْشَحُ عَلَيْهِ الْمَاءُ فقَالَ: (مَا بَالُ صَاحِبِكُمْ؟ ) قَالُوا: صَائِمٌ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (لَيْسَ مِنَ الْبِرِّ الصِّيَامُ فِي السَّفَرِ فَعَلَيْكُمْ بِرُخْصَةِ اللَّهِ الَّتِي رخَّص لَكُمْ فاقبلوها.)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 356 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৫৬. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সফরে এক ব্যক্তিকে একটি গাছের ছায়ায় পানি ঢালা হচ্ছে, তখন তিনি বললেন: “তোমাদের এই সঙ্গীর কী হয়েছে?” সাহাবীগণ বললেন: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তিনি সিয়াম রেখেছেন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “সফরে (এভাবে) সিয়াম রাখা সাওয়াবের কাজ নয়। মহান আল্লাহ তোমাদের যে অবকাশ দিয়েছেন, তোমাদের জন্য আবশ্যক হলো তা গ্রহণ করা। অতএব তোমরা তা গ্রহণ করো।”[1]

## ফুটনোট

[1] তাহাবী, শারহু মা'আনিল আসার: ২/৬২; নাসাঈ: ৪/১৭৬; মুসনাদ আহমাদ: ৫/৪৩৪; নাসাঈ: ৪/১৭৪; ইবনু মাজাহ: ১৬৬৪; বাইহাকী: ৪/২৪২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৯০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88655

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন